তারিখ 23 FEB 2009
পৃষ্ঠা

যায়যায়দিন

# শতভাগ সাক্ষরতা অর্জনে সরকার দৃঢ় প্রতিজ্ঞ

– প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

২০১৪ সালের মধ্যে শতভাগ সাক্ষরতা অর্জনে সরকার দৃঢ় প্রতিজ্ঞ এবং এ ক্ষেত্রে সরকার সব ধরনের উদ্যোগকে স্বাগত জানাবে। এ লক্ষ্য অর্জনে সরকারি ও বেসরকারি সংস্থাকে সমন্বিত পদক্ষেপ নিয়ে এগিয়ে আসতে হবে।

গতকাল ধানমণ্ডিতে ঢাকা আহ্ছানিয়া মিশন ভবন অডিটরিয়ামে পাঁচ দিনব্যাপী সাক্ষরতা উপকরণ ও উপানুষ্ঠানিক শিক্ষা বিষয়ক দক্ষিণ এশিয়া উপআঞ্চলিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন এমপি প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

তিনি আরো বলেন, প্রতিযোগী এ বিশ্বে টিকে থাকতে হলে শিক্ষার কোনো বিকল্প নেই। শিক্ষা ছাড়া জাতির উন্নতি নেই। দারিদ্র্য বিমোচনের পূর্বশর্ত হলো শিক্ষা। দারিদ্র্য বিমোচনে সাক্ষরতা উপকরণ ও উপানুষ্ঠানিক শিক্ষা বিষয়ক দক্ষিণ এশীয় এ কর্মশালায় অংশগ্রহণকারী বিভিন্ন দেশের প্রতিনিধিরা তাদের অভিজ্ঞতার আলোকে উল্লেখযোগ্য অবদান রাখবেন বলে তিনি আশা করেন। ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউনেস্কো বাংলাদেশের শিক্ষা বিশেষজ্ঞ কিচি ওয়াসু এবং মিশনের নির্বাহী পরিচালক এম এহছানুর রহমান। বিজ্ঞপ্তি



*দক্ষিণ এশীয় উপআঞ্চলিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন এমপি*